দৈনিক ইত্তেফাক

তারিখ 20 JUN 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

# গ্রাম ও শহরের শিক্ষার বৈষম্য দূর করার চেষ্টা চলছে: শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, সরকারির পাশাপাশি সারাদেশে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর শিক্ষার পরিবেশ উন্নয়নে নানা কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে সরকার। এসব কার্যক্রম গ্রাম ও শহরের মধ্যে শিক্ষার সুযোগ ও গুণগত মানের পার্থক্য হ্রাসে ব্যাপক ভূমিকা রাখছে।

গতকাল রবিবার রাজধানীর সেগুনবাগিচায় 'আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট' মিলনায়তনে দেশের ৩১০ টি মডেল বিদ্যালয়কে আইসিটি ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম সরঞ্জাম প্রদান অনুষ্ঠানে এ কথা বলেন মন্ত্রী।

অনুষ্ঠানে এসব স্কুলকে ৩ হাজার ৫২০ টি কম্পিউটার, ২ হাজার ১৭০ টি ল্যাপটপ, ২ হাজার ১৭০ টি প্রজেক্টর, ১৬০ টি ফটোকপি মেশিন ও আসবাবপত্র প্রদান করা হয়। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ফাহিমা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষাসচিব মো. সোহরাব হোসাইন এবং প্রকল্প পরিচালক কে এম রফিকুল ইসলাম।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার গত সাত বছরে সারাদেশে ৬ হাজার ২৩৫ টি স্কুল, কলেজ, মাদরাসায় নতুন ভবন নির্মাণ ও ভবন সংস্কারের কাজ করেছে। বর্তমানে আরো ৩ হাজার ২৪০ টি শিক্ষাপ্রতিষ্ঠান এ ধরনের নির্মাণ কাজ চলমান রয়েছে। মন্ত্রী বলেন, শিক্ষাদান পদ্ধতির আমূল পরিবর্তনের পাশাপাশি শিক্ষাপ্রশাসনে গতি সঞ্চারে ভূমিকা পালন করছে। পাশাপাশি শিক্ষাদান পদ্ধতি আকর্ষণীয় করতে সারাদেশে ২৪ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম গড়ে তোলা হয়েছে।